

১৫
১৫/০৩/১৭

অতীত জরুরী

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-৫/১৫-২৫৩২

এ,

তারিখঃ ০৯ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ
২৩ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দেশের প্রত্যেক আদালতের সার্বিক নিরাপত্তা জোরদার প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ১জে-৫/১৫-৪৮৬৫ এ, তারিখঃ ১৪/০৭/২০১৬ খ্রি., হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডের কারণে দেশের সকল অধস্তন আদালতের বিচারক, কর্মচারী ও আদালত সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা বিষয়ে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি গভীরভাবে উদ্বেগ। মাননীয় প্রধান বিচারপতির পক্ষ থেকে সরকারের সর্বোচ্চ পর্যায়ে এ উদ্বেগের বিষয় অবহিত করা হয়েছে এবং সরকারের পক্ষ হতে এক্ষেত্রে সর্বোচ্চ নিরাপত্তা প্রদানের জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের আশ্বাস প্রদান করা হয়েছে। উল্লেখ্য ইতিপূর্বে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাসমূহের সহায়তায় দেশের প্রত্যেক আদালত প্রাঙ্গন, এজলাস, বিচারকদের বাসভবন, বিচারক ও কর্মচারীসহ আদালত সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সূত্রোক্ত স্মারকের মাধ্যমে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাসমূহের সহায়তায় দেশের প্রত্যেক আদালত প্রাঙ্গন, এজলাস, বিচারকদের বাসভবন, বিচারক ও কর্মচারীসহ আদালত সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে পুলিশ মোতায়েনসহ প্রয়োজনীয় অন্যান্য সকল পদক্ষেপ গ্রহণ করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/
(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬

E-mail: registrar_hcd@supremecourt.gov.bd

জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ

..... (সকল)

স্মারক নং- ১জে-৫/১৫- ২৫৩২(১)-(২৫) এ,

তারিখ- ২৩/০৩/২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। আইজিপি, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (মেট্রোপলিটন/জেলা পর্যায়ের পুলিশ প্রশাসনকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

১৫/৩/১৭